



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.৩২.০০০১.২৫.৭৮৯

অডিট বরাদ্দ আদেশ ২০২৫-২৬

সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতা ও সমবায় অধিদপ্তর, ঢাকার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন ১১৬টি কেন্দ্রীয় সমবায় সমিতির বকেয়াসহ (যদি থাকে) ২০২৫-২৬ নিরীক্ষা বর্ষের বার্ষিক নিরীক্ষা সম্পাদনের জন্য সংযুক্ত তালিকায় সমবায় সমিতির নামের পাশে বর্ণিত কর্মকর্তা-কর্মকারীবৃন্দকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিরীক্ষা কর্মকর্তা নিয়োগ করা হল। নিরীক্ষা কর্মকর্তার বদলি হলে স্থলাভিষিক্ত কর্মকর্তা এ আদেশে তদস্থলে নিয়োগপ্রাপ্ত নিরীক্ষা কর্মকর্তা হিসেবে গণ্য হবেন।

শর্তাবলি

- সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৪৫ ও ৪৬; সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১০০, ১০১, ১০২ ও ১০৩; নিরীক্ষা ম্যানুয়েল, সমবায় অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র/দপ্তরাদেশ এবং বিভাগীয় সমবায় কার্যালয়ের প্রদত্ত নির্দেশনা প্রতিপালন করে নিরীক্ষাকার্য সম্পাদন করতে হবে।
- সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট সমবায় বর্ষে প্রতিপালনযোগ্য সকল বিষয় সমিতিতে যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কিনা; সে বিষয়ে প্রতিবেদনে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।
- সমিতির লাভ-ক্ষতি বিবরণী ও উদ্বৃত্তপত্র প্রদর্শিত সকল সম্পদ ও দায়-দেনা বিশ্লেষণ/মূল্যায়ন করে নিরীক্ষা প্রতিবেদনে মন্তব্য প্রদান করতে হবে।
- যে সব সমিতির স্বাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সব সমিতির নিরীক্ষা প্রতিবেদনে সম্পদের বিবরণ, মালিকানা, মূল্য, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।
- সমবায় সমিতির বার্ষিক বাজেট ও বিনিয়োগ অনুমোদন এবং বিনিয়োগ/বাজেট বহির্ভূত ব্যয় সংক্রান্ত সুস্পষ্ট মন্তব্য প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।
- সমিতিতে অর্থ আদায় বা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অনিয়ম বা ত্রুটি রয়েছে কিনা; সে বিষয়টি যাচাই করে নিরীক্ষা প্রতিবেদনে মন্তব্য প্রদান করতে হবে।
- সমবায় সমিতির হিসাব বিবরণী যথাযথভাবে নিরীক্ষার মাধ্যমে জালিয়াতি ও আত্মসাৎ উদঘাটনে সচেষ্ট থাকতে হবে এবং অনিয়ম উদঘাটিত হলে একটি বিশেষ নিরীক্ষা প্রতিবেদন পৃথকভাবে দাখিল করতে হবে।
- যে সব সমবায় সমিতি বিভিন্ন কৌশলে আমানত গ্রহণ ও বিনিয়োগ করে সে সব সমিতির ঝুঁকিসমূহ নিরূপণ করে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- নিরীক্ষা কর্মকর্তাবৃন্দকে বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নপূর্বক নিরীক্ষা সম্পাদন করতে হবে এবং নিরীক্ষা সম্পাদন করে ব্যক্তিগত নিরীক্ষা রিটার্ন সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসে দাখিল করতে হবে।
- বরাদ্দকৃত সকল সমবায় সমিতির নিরীক্ষা ৩১-১২-২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করে সংশ্লিষ্ট সমিতি, উপজেলা, জেলা ও বিভাগীয় সমবায় কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।
- নিরীক্ষা প্রতিবেদনে কোনো প্রকার মিথ্যা/ভুল তথ্য পরিবেশন কিংবা কোনো তথ্য আড়াল করা হলে সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) বিআরডিবিভুক্ত সমিতির অডিট বরাদ্দ তালিকা



৩০-০৬-২০২৫

মোঃ মোখলেছুর রহমান

বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

০২৫৮৮৮৫৫৫৫৪৬

jr.rajshahi@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.৩২.০০০১.২৫.৭৮৯/১ (১২)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ (তার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তা ও সমিতি কর্মপক্ষকে নিরীক্ষা বরাদ্দ আদেশ সরবরাহ করার অনুরোধসহ)।
- ২। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী।।
- ৩। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), নওগাঁ।
- ৪। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), চাঁপাইনবাবগঞ্জ।।
- ৫। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), বগুড়া।।
- ৬। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), সিরাজগঞ্জ।।
- ৭। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), পাবনা।।
- ৮। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), জয়পুরহাট।।
- ৯। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), নাটোর।।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (সকল জেলা), রাজশাহী বিভাগ, ।
- ১১। সভাপতি/নির্বাহী কর্মকর্তা..... উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি./উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লি. (সকল), রাজশাহী বিভাগ, ।
- ১২। জনাব..... নিরীক্ষা কর্মকর্তা, পউবোভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি (সকল), রাজশাহী বিভাগ, ।





৩০-০৬-২০২৫

মোঃ মোখলেছুর রহমান

বিভাগীয় যুগ্ম-নিবন্ধক